



ফিফার হুস্কার-
থাকো অথবা
চলে যাও ১৪

সমৃদ্ধির আয়োজন-
স্মার্টফোনে
স্মার্ট বাংলাদেশ ৯



মেধাবী তরুণদের
নিয়ে নানা
আয়োজন করছি ১০



মূল কাণ্ডের সঙ্গে
৮ পৃষ্ঠার ট্যাবলয়েড

শৈলী

সিমাগো ইনস্টিটিউটের র‍্যাঙ্কিং বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয় দেশসেরা

সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে গবেষণা, উদ্ভাবন ও সামাজিক অবজ্ঞান- এই তিন সূচকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় সারাদেশে প্রথম স্থান অধিকার করেছে। গতকাল মঙ্গলবার প্রকাশিত বিশ্বখ্যাত সিমাগো ইনস্টিটিউট র‍্যাঙ্কিং-২০২১ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বিভিন্ন দেশের ৪১২৬টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো-স্কোপাস জরিপে এ তথ্য ওঠে এসেছে। জরিপে কৃষি ও জীববিজ্ঞান শাখায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় সারাবিশ্বে ৪৭২তম, এশিয়া অঞ্চলে ২০৬তম এবং বাংলাদেশে প্রথম স্থান লাভ করে। জীব-রসায়ন, জেনেটিক্স ও মলিকুলার বায়োলজি শাখায় এ বিশ্ববিদ্যালয় বিশ্বে ৫৪১তম, এশিয়া অঞ্চলে ২৪৭তম এবং বাংলাদেশে প্রথম স্থানে রয়েছে।